রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার লেটার নং-৩/২০২২ তারিখঃ ২০.০৪.২০২২

বিষয়: স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ১৯.০৪.২০২২ তারিখে জারীকৃত সার্কুলার নং-০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

সূত্রোক্ত সার্কুলার মোতাবেক ঋণ পুনঃতফসীলকরণ বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ২৩.০৯.২০১২ তারিখে জারীকৃত সার্কুলার নং-১৫ এর অনুবৃত্তিক্রমে ঋণ ও অগ্রিম বিভাগ-১ হতে ০৯.১০.২০১২ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং ০৫/২০১২ এবং ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ২৯.০৫.২০১৩ তারিখে জারীকৃত সার্কুলার নং-০৬ এর অনুবৃত্তিক্রমে ০৩.০৬.২০১৩ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার লেটার নং ০২/২০১৩ জারী করা হয়। এক্ষণে বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২২ এর আলোকে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা জারী করা হলো:

সাম্প্রতিক বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে আর্ন্তজাতিক বাজারে বিভিন্ন কৃষিজ উপকরণের মূল্য এবং পরিবহন ব্যয় বৃদ্ধি পাওয়ায় এর আমদানি মূল্য বৃদ্ধি পেয়েছে। দেশের অভ্যন্তরীণ বাজারে কৃষি পণ্যসমূহের মূল্য বৃদ্ধি রোধকল্পে এ খাতের উদ্যোক্তাদের উৎপাদন কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নের প্রয়োজনীয়তা রয়েছে। বর্ণিত পরিস্থিতিতে, কৃষি উদ্যোক্তাদের ঋণ পরিশোধ সহজতর করা এবং আলোচ্য খাতে স্বাভাবিক ঋণ প্রবাহ বজায় রাখার লক্ষ্যে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবেঃ

(ক) ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ডাউন পেমেন্ট গ্রহণের শর্ত শিথিল করে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলের তারিখ হতে ০৬ মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ৩ (তিন) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে। ক্ষেত্রবিশেষে বিনা ডাউন পেমেন্টেও এ ধরণের ঋণ পুনঃতফসিল করা যাবে;

(খ) ঋণ পুনঃতফসিলের পর উল্লিখিত খাতের ঋণগ্রহীতাদের কোন অর্থ নতুনভাবে জমা ব্যতিরেকেই পুনরায় নতুন ঋণ প্রদান করা যাবে;

(গ) সার্টিফিকেট মামলা চলাকালীন সময়ে গ্রাহকের সাথে সমঝোতার (সোলেনামা) মাধ্যমে সার্টিফিকেট মামলা স্থগিত/নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিল করা যাবে; এবং

(ঘ) ইতঃপূর্বে পুনঃতফসিলকৃত স্বল্প মেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রেও উল্লিখিত সুবিধাদি প্রযোজ্য হবে।

উপরোল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-১৫/২০১২ অনুবৃত্তিক্রমে ঋণ ও অগ্রিম বিভাগ-১ হতে ০৯.১০.২০১২ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং ০৫/২০১২ এবং বিআরপিডি সার্কুলার নং-০৬/২০১৩ এর অনুবৃত্তিক্রমে ০৩.০৬.২০১৩ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার লেটার নং ০২/২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

সংযুক্তি: ০১ (এক)

অনুমোদনক্রমে-

20.04.2022
(শওকত শহীদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

(চলমান পাতা-০২)

প্রকা/ঋওঅবি-১/২৩৭(ঋণ পুনঃতফসিলিকরণ)/২০২১-২০২২/১০৫৬(৪৫৩) তারিখঃ ২০.০৪.২০২২

বিষয়: স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী কে সার্কুলার লেটারটি রাকাব ওয়েব পেজ এ আপলোড এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। অধ্যক্ষ রাকাব, প্রশিক্ষণ ইনিষ্টিটিউট, রাজশাহী।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি ইন্নয়ন ব্যাংক।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি ইন্নয়ন ব্যাংক।
১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১২। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)।
১৪। অফিস নথি/মহানথি।

র. আফরোজ
২০.০৪.২০২২
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার নং-০৫

১৯ এপ্রিল ২০২২
তারিখঃ ------------------
০৬ বৈশাখ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

<u>স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।</u>

২৩ সেপ্টেম্বর ২০১২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ এবং ২৯ মে ২০১৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আর্কষণ করা যাচ্ছে।

২। সাম্প্রতিক বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে আর্ন্তজাতিক বাজারে বিভিন্ন কৃষিজ উপকরণের মূল্য এবং পরিবহন ব্যয় বৃদ্ধি পাওয়ায় এর আমদানি মূল্য বৃদ্ধি পেয়েছে। দেশের অভ্যন্তরীণ বাজারে কৃষি পণ্যসমূহের মূল্য বৃদ্ধি রোধকল্পে এ খাতের উদ্যোক্তাদের উৎপাদন কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নের প্রয়োজনীয়তা রয়েছে। বর্ণিত পরিস্থিতিতে, কৃষি খাতের উদ্যোক্তাদের ঋণ পরিশোধ সহজতর করা এবং আলোচ্য খাতে স্বাভাবিক ঋণ প্রবাহ বজায় রাখার লক্ষ্যে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবেঃ

(ক) ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ডাউন পেমেন্ট গ্রহণের শর্ত শিথিল করে স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলের তারিখ হতে ০৬ মাস গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ৩ (তিন) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে। ক্ষেত্রবিশেষে বিনা ডাউন পেমেন্টেও এ ধরনের ঋণ পুনঃতফসিল করা যাবে;

(খ) ঋণ পুনঃতফসিলের পর উল্লিখিত খাতের ঋণগ্রহীতাদের কোন অর্থ নতুনভাবে জমা ব্যতিরেকেই পুনরায় নতুন ঋণ প্রদান করা যাবে;

(গ) সার্টিফিকেট মামলা চলাকালীন সময়ে গ্রাহকের সাথে সমঝোতার (সোলেনামা) মাধ্যমে সার্টিফিকেট মামলা স্থগিত/ নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিল করা যাবে; এবং

(ঘ) ইতঃপূর্বে পুনঃতফসিলকৃত স্বল্প মেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রেও উল্লিখিত সুবিধাদি প্রযোজ্য হবে।

৩। উল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-১৫/২০১২ ও বিআরপিডি সার্কুলার নং-০৬/২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০২৫২